

এইচএসসিতে পাসের হার ৮৫.৯৫ শতাংশ

নিজস্ব প্রতিবেদক

৮ ফেব্রুয়ারি ২০২৩ ১২:৩০ পিএম | আপডেট: ৮ ফেব্রুয়ারি
২০২৩ ০২:১৩ পিএম

2
Shares



পুরনো ছবি

advertisement

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। আজ বুধবার বেলা সোয়া ১১টায় এ ফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, এ বছর গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। এর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে পাসের হার ৮৭ দশমিক ৮৩ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৬২ হাজার ৪২১ জন। যশোর বোর্ডে পাসের হার ৮৩.৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১৮ হাজার ৭০৬ জন। বরিশাল বোর্ডে পাসের হার ৮৬.৯৫ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৭ হাজার ৩৮৬ জন। সিলেট বোর্ডে পাসের হার ৮১.৪০ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৪ হাজার ৮৭১ জন। রাজশাহী বোর্ডে পাসের হার ৮১.৫৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ২১ হাজার ৮৫৫ জন। চট্টগ্রাম বোর্ডে পাসের হার ৭৮.৭৬ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১২ হাজার ৬৭০ জন। কুমিল্লা বোর্ডে পাসের হার ৯০.৭ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১৪ হাজার ৯৯১ জন। ময়মনসিংহ বোর্ডে পাসের হার ৭৭.০৩ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৭ হাজার ১৭৯ জন। দিনাজপুরে পাসের হার ৭৯ দশমিক ০৬ শতাংশ, জিপিএ-৫

পেয়েছেন ১১ হাজার ৮৩০ জন। আর মাদ্রাসা বোর্ডে পাসের হার ৯২ দশমিক ৬ শতাংশ ও কারিগরি বোর্ডে পাসের হার ৯৪. ৪১ শতাংশ।

advertisement

এর আগে বেলা ১১টার দিকে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এইচএসসির ফল হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী ও বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানরা। এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী উপস্থিত ছিলেন।

advertisement 4

শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে ফল দেখতে পারবেন। যে কেউ রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইট ও মোবাইলে এসএমএস করে ফল দেখতে পারবেন। এ ছাড়া www.educationboardresults.gov.bd ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবেন শিক্ষার্থীরা।

২০২২ সালের ৬ নভেম্বর এইচএসসি পরীক্ষা শুরু হয়। এবার ৯টি সাধারণ শিক্ষাবোর্ড, মাদ্রাসা ও কারিগরি বোর্ড মিলিয়ে ১১টি শিক্ষাবোর্ডের অধীনে মোট ১২ লাখ ৩ হাজার ৪০৭ শিক্ষার্থী পরীক্ষায়

অংশ নেন। ১৩ ডিসেম্বর তত্ত্বীয় পরীক্ষা ও ২২ ডিসেম্বর ব্যবহারিক পরীক্ষা শেষ হয়।

2
Shares